

২০২১ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

মদন মোহন কলেজের দ্বাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থীদের মধ্যে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণকারী ও কলেজ বেতন পরিশোধকারী শিক্ষার্থী এবং অনিয়মিত, মানোন্নয়ন ও এক/দুই বিষয়ের পরীক্ষার্থীরা আগামী ৩০ আগস্ট ২০২১ তারিখের মধ্যে বোর্ড ফি পরিশোধ করতে নির্দেশ দেওয়া যাচ্ছে।

পরিশোধযোগ্য বোর্ড ফি বিবরণ

বিভাগ	পরীক্ষার ফিস	মন্তব্য
বিজ্ঞান নিয়মিত	১,১৬০.০০	
মানবিক ও ব্যবসায় শিক্ষা নিয়মিত	১,০৭০.০০	
অনিয়মিত বিজ্ঞান (সব বিষয়)	১,২৬০.০০	যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি।
অনিয়মিত বিজ্ঞান (সব বিষয়)	১,১৬০.০০	যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে।
মানবিক ও ব্যবসায় শিক্ষা অনিয়মিত	১,১৭০.০০	যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি।
মানবিক ও ব্যবসায় শিক্ষা অনিয়মিত	১,০৭০.০০	যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে।
বিভাগ উন্নয়ন (বিজ্ঞান)	১,২৬০.০০	
বিভাগ উন্নয়ন (মানবিক ও ব্যবসায় শিক্ষা)	১,১৭০.০০	
এক/দুই বিষয় (আবশ্যিক বিষয়সহ অন্যান্য বিষয়)	১৭০.০০	
রেজি. নবায়নধারী শিক্ষার্থী	২৭০.০০	

ফরম পূরণের শর্তাবলী :

- কলেজ কর্তৃক বৈধ শিক্ষার্থী নির্বাচনের পর পরীক্ষার্থীর মোবাইল নম্বরে বোর্ড ফি ও কেন্দ্র ফি পরিশোধের এসএমএস যাবে। এসএমএসে প্রাপ্ত লিংক ব্যবহার করে সোনালী ই-সেবা, বিকাশ, নগদ, সোনালী ই-ওয়ালেট ইত্যাদি যে কোন একটির মাধ্যমে পরীক্ষার ফি আগামী ৩০ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে প্রদান করতে পারবে। শিক্ষার্থীর মোবাইল নম্বরে ভুল থাকলে এসএমএস না পাওয়ার কারণে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এসএমএস না পেলে শিক্ষার্থীকে জরুরি ভিত্তিতে কলেজে যোগাযোগ করতে হবে।
- ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করবে। ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যারা একবারও পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা পরীক্ষায় অংশগ্রহণ করে তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উপরোক্ত শিক্ষাবর্ষের এক/দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরা ইচ্ছা করলে তিন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনিয়মিত পরীক্ষার্থীরা যারা পূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে পুনঃভর্তি হতে হবে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরা রেজি. নবায়ন করে শুধুমাত্র একবারের জন্য ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। রেজি. নবায়ন ফি ১০০.০০ টাকা বোর্ড পরীক্ষার ফিসের সাথে প্রদান করতে হবে।
- ২০২০ সালে জিপিএ ৫ না পাওয়া শিক্ষার্থীরা ২০২১ সালে বিভাগ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক/দুই বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা বিভাগ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- নিয়মিত শিক্ষার্থীসহ অনিয়মিত, বিভাগ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থীদেরকে অ্যাসাইনমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শুধুমাত্র আবশ্যিক বিষয়ে (বাংলা, ইংরেজি, আইসিটি) অনুত্তীর্ণ শিক্ষার্থীরা অ্যাসাইনমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না।
- অনিয়মিত/বিভাগ উন্নয়ন ও এক/দুই বিষয়ের শিক্ষার্থীদেরকে ১৭ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে তাদের বিগত পরীক্ষার প্রবেশপত্র ও সচল মোবাইল নম্বর কলেজ অফিসে জমা দিতে হবে। উপরোক্ত শর্তাবলী সতকর্তার সঙ্গে অনুসরণ করে ফরম পূরণ করতে শিক্ষার্থীদেরকে বিশেষভাবে বলা যাচ্ছে। শিক্ষার্থীদের ভুলের কারণে ফরম পূরণে কোন জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।